মেহেরপুরে প্রতি সন্ধ্যায় জমে উঠে স্ট্রিট ফুডের ব্যবসা

মেহেরপুরে দিন দিন বেঙেন চলেছে স্ট্রিট ফুডের চাহিদা। মেহেরপুর শহরের পৌরসভার সামনে, বাসসন্ট্যান্ড, কোর্টমোড় সহ কয়েকটি স্থানে ফুটপাথে গড়ে উঠেছে বেশ কিছু স্ট্রিট ফুডের দোকান।

স্ট্রিট ফুড বা রাস্তার খাবার হিসেবে একদিকে সুস্বাদু, সহজলভ্য ও সস্তা হওয়ার কারণে ব্যাপক চাহিদা বেড়েছে এসব খাবারের। সন্ধ্যা থেকে রাত পর্যন্ত এইসব স্ট্রীটফুডের দোকান গুলোতে লেগে থাকে উপচে পড়া ভিড়।

খেতে সুস্বাদু ও সস্তা হওয়াই সব শ্রেণী পেশার মানুষই খায় এই স্ট্রিট ফুডগুলো। স্ট্রিট ফুড গুলো খাওয়ার জন্য দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থাকে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

সরেজমিনে মেহেরপুর শহরের পৌরসভার সামনে স্ট্রিট ফুড দোকান গুলো ঘুরে দেখা যায়, বিভিন্ন শ্রেণি-পেশার, বিভিন্ন বয়সের মানুষ এসকল স্ট্রিট ফুডের দোকানগুলো খাবারের জন্য যায়। সহজলভ্য ও সুস্বাদু খাবার গুলোর মধ্যে হাতে তৈরি কলাই রুটি, বার্গার, চিকেন ফ্রাই, নুডুলস, ফুচকা, চটপটিসহ আরো অনেক কিছু।

কলাই রুটি খেতে আসা রফিকুল ইসলাম বলেন, আমার এই কলা রুটি খেতে খুবই ভালো লাগে, প্রতিদিনই আমার এই রুটি খেতে ইচ্ছা করে ,কিন্তু সিরিয়াল পাওয়া যায় না। মানুষের এত চাহিদা যে এসেও আধা ঘণ্টা দাঁড়িয়ে থাকতে হয়। তাও দাঁড়িয়ে থেকে এক পিস রুটি নিয়ে আমি খাই।

স্ট্রিট ফুড

কলাই রুটি ব্যবসায়ী বলেন, আমি দীর্ঘ পাঁচ বছর ধরে এখানে রুটি তৈরি করে বিক্রি করি। আমাদের এখানে অনেক চাহিদা। অনেক মানুষই এখানে নিয়মিত খেতে আসে আর আমাদের বেচাকেনাও অনেক ভালো হয়।

স্ট্রিট ফুড দোকানদার মো: আশিকুল ইসলাম বলেন, পৌরসভার সামনে আমি তিন মাস ব্যবসা করছি। আমাদের চাহিদা অফুরন্ত,আমরা

কাস্টমারদের খাবার দিয়ে কুলিয়ে উঠতে পারি না। আমরা এখানে দুই ধরনের আইটেম থাকে চিকেন চিজ বার্গার ও চিকেন ফ্রাই। আমাদের চিকেন বার্গার মাত্র ৫০ টাকা চিকেন ফ্রাই ৩০ টাকা তাই এসব সহজ মূল্যের খাবার খেতে অনেকেই ভির করে।

আরেক স্ট্রিট ফুড দোকানদার বলেন, আমি এখানে হালিম, নুডুলস, ফুসকা ও চটপটি বিক্রি করি। ক্রেতাদেও চাহিদামত মানসম্মত খাবার সরবরাহ করার চেষ্টা করি। আজ একশো প্লেট নুডুলস রানা করেছিলাম মাত্র ৩০ প্লেট বাকি রয়েছে, এগুলোও বিক্রি হয়ে যাবে। বলা যায় প্রচুর মানুষ এখানে খেতে আসে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত শিক্ষার্থীর ক্ষতিপুরণ ও বিচারের দাবিতে সড়ক অবরোধ

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত স্কুল ছাত্র বিজয়ের ক্ষতিপুরণ ও অভিযুক্তের বিচারের দাবিতে সড়ক অবরোধ ও বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা।

মঙ্গলবার দুপুরে উপজেলার রাইপুর বাজারে রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা এ কর্মসূচি পালন করে। ঘন্টাব্যাপী সড়ক অবরোধ করায় গাংনী ও হাটবোয়ালীয়া সড়কের সকল যানবাহন বন্ধ হয়ে পড়ে।

আহত শিক্ষার্থী বিজয় হোসেন রাইপুর গ্রামের বাবুল হোসেনের ছেলে ও রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেনীর ছাত্র। পরে ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপুর প্রতিশ্রুতিতে শিক্ষার্থীরা বিক্ষোভ স্থগিত করে।

বিজয় হোসেনের সহপাঠিরা জানায়, গত ১৬ ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষে বন্ধুরা মিলে রাইপুর বাজারে একটি পিকনিক করছিলো। এ সময় বাথানপাড়া গ্রামের আবুল কাশেমের ছেলে হাসিবুর ও তার দুই বন্ধু

শান্তসহ তিনজন একটি ডিসকোভারি মোটরসাইকেল দ্রতগতিতে চালিয়ে আসছিলো। এসময় বিজয় রাস্তার ধারে দাঁড়িয়েছিলো। মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে বিজয়কে চাপা দেয়। এসময় বিজয়ের বাম পা ভেঙ্গে যায় এবং রক্তাক্ত যখম হলে স্থানীয়রা তাকে গাংনী হাসপাতালে নিয়ে আসে। বিজয়ের অবস্থা আশংকাজনক দেখে তাকে ঢাকা অর্থপেডিক (পঙ্গু) হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। বর্তমানে বিজয় চিকিৎসাধীন রয়েছে। বিজয়ের চিকিৎসায় মোটা অংকের টাকা খরচ হলেও সে এখনও সুস্থ্য হতে পারেনি।

এদিকে, মোটরসাইকেল চালক হাসিবুর অন্যান্য শিক্ষার্থীদের নামে থানায় জিডি করে। বিষয়টি গাংনী থানায় অভিযোগ করা হলেও গাংনী থানা বিষয়টি আমলে না নিয়ে গড়িমসি করছেন বলেও অভিযোগ করেন আন্দোলনকারি শিক্ষার্থীরা।

বিজয়ের বড় ভাই বিপ্লব হোসেন বলেন, বিজয় একজন মেধাবী শিক্ষার্থী। তাকে নিয়ে আমাদের অনেক স্বপ্ন। যারা আমার ভাইকে মোটরসাইকেল চাপা দিয়েছে তারা এ পর্যন্ত খোঁজ নেয়নি। বিজয়ের পায়ে রড পরানো রয়েছে। বেশ কয়েকবার অপারেশন হয়েছে, আবারো অপারেশন প্রয়োজন। তার চিকিৎসার জন্য প্রয়োজন মোটা অংকের টাকা। তার সুচিকিৎসা না হলে বিজয়ের জীবনে নেমে আসবে অন্ধকার। সে পঙ্গু হয়ে যেতে পারে। অথচ আমার ভাইকে মোটারসাইকেলে চাপা দিয়ে রাইপুরের অনেক ছেলেদের নামে মিথ্যাভাবে ডায়েরি করেছে। আমরা তার সুষ্ঠ বিচার চাই।

শিক্ষার্থীদের আন্দোলনের বিষয়টি জানতে পেরে রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপুসহ ইউপিসদস্যরা ঘটনাস্থলে ছুটে আসেন এবং শিক্ষার্থীদের সাথে কথা বলেন।

রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু বলেন, বিজয়ের আহত হওয়ার ঘটনা আমি লোকমুখে শুনেছি। কিন্তু আমার কাছে এপর্যন্ত কেউ আসেনি। বিজয়ের অভিভাবক ও বিদ্যালয়ের শিক্ষকদের সাথে বসে বিষয়টি দ্রত সমাধানের চেষ্টা করার ব্যবস্থা করবো।

মেহেরপুরের ১০টি হারানো মোবাইল উদ্ধার করে মালিকদের হাতে তুলে দিেলো পুলিশ

তথ্য প্রযুক্তির সহায়তায় সনাক্ত করে মেহেরপুরের বিভিন্ন স্থান থেকে হারিয়ে যাওয়া ১০টি মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের কাছে বুঝিয়ে দিলো মেহেরপুর পুলিশ।

আজ মঙ্গলবার দুপুরে পুলিশ সুপারের কার্যালয়ে মোবাইল ফোন মালিকদের হাতে মোবাইল গুলো তুলে দেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম সেখানে উপস্থিত ছিলেন। মোবাইল গুলো ফেরত পেয়ে মোবাইলের মালিক জেলা পুলিশ ধন্যাবাদ জানিয়েছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালে ৪ দালাল আটক জরিমানা আদায়

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে রোগীদের হয়রানি ও বিভিন্ন ডায়াগনস্টিক ও ক্লিনিক সেন্টারের জন্য দালালি করার অভিযোগে ৪ দালালের কাছে থেকে ৩ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার দুপুর টার দিকে মেহেরপুরের নির্বাহী ম্যাজিষ্ট্রেট মাহমুদুল হাসান এ অভিযান পরিচালনা করেন।

দণ্ডপ্রাপ্তরা হলেন, মেহেরপুর সদর উপজেলার দিঘির পাড়ার মৃত দেলোয়ার হোসেনের ছেলে সোহাগ হোসেন, গোভীপুর গ্রামের এনামুল হকের ছেলে সাব্বির হোসেন, উজলপুর গ্রামের মৃত জসিমের স্ত্রী মেরিনা বেগম, চক্রপাড়া এলাকার মৃত গোলাম রসুলের ছেলে সানোয়ার

হোসেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সকল ধরনের চিকিৎসার সুব্যবস্থা থাকলেও এসমস্ত দালালরা রোগীদের কাছ থেকে ব্যবস্থাপত্র নিয়ে তাদের নিজ নিজ ল্যাবে গিয়ে পরীক্ষা করে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নেয়। এমন খবরের ভিত্তিতে মেহেরপুর ডিবি পুলিশের ওসি জুলফিকার আলীর নেতৃত্বে একটি দল মেহেরপুর জেনারেল হাসপাতালে অভিযান পরিচালনা করে দণ্ডপ্রাপ্ত চার দালাল কে আটক করে। পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দণ্ডবিধির ২৯১ ধারায় সানোয়ার হোসেনকে ৫’শ, মেরিনা বেগমকে ৫’শ, সোহাগ হোসেনকে ১ হাজার ও সাব্বির হোসেনকে ১ হাজার টাকা জরিমানা করা হয়। তারা জরিমানা পরিশোধ করে তাদের ছেড়ে দেওয়া হয়।

গাংনীর ধলা গ্রামের দুই সহদর হত্যা মামলার ৫৬ আসামীকে কারাগারে প্রেরণ

মেহেরপুরের গাংনী উপজেলার রাধাকান্তপুর ধলা গ্রামের নির্বাচনী সহিংসতায় দুই হত্যা মামলার ৫৬ জন আসামিকে কারাগারে পাঠানোর দির্দেশ দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার দুপুর ১টার দিকে মেহেরপুর মুখ্য বিচারিক হাকিমের আদালতের বিচারক শিরিন নাহারের আদালতে আসামিরা আত্নসমর্পন করলে তাদের জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

চাঞ্চল্যকর দুই ভাই হত্যা মামলার প্রধান আসামীসহ ৫৬ আসামিকে এক মাসের অন্তবর্তীকালীন জামিন দেয় উচ্চ আদালত। অন্তবর্তীকালীণ জামিনের নির্ধারিত সময় পার হয়ে গেলে গতকাল আসামিরা মেহেরপুর আদালতে হাজির হয়ে আত্নসমর্পন করে জামিনের আবেদন করেন। বিচারক তাদের জামিন আবেদন না মঞ্জুর করে কারাগারে পাঠানো আদেশ দেন।

মামলায় আসামি পক্ষে একেএম শফিকুল আলম এবং বিবাদী পক্ষে আইনজীবী ছিলেন খন্দকার আব্দুল মতিন ও কোর্ট পরিদর্শক গোলাম মোহাম্মদ।

উল্লেখ্য, দ্বিতীয় ধাপের ইউপি নির্বাচনে গাংনীর কাথুলী ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের দুই মেম্বর প্রার্থীর আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গত ৮ নভেম্বর ২০২১ইং তারিখে সকালে মেম্বার প্রার্থী আজমাইন হোসেন টুটুল ও আতিয়ার রহমানের সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাধে। উভয়পক্ষের সংঘর্ষে আজমাইন হোসেন টুটুলের ফুপাতো দুই ভাই সাহাদুল ও জাহারুলকে নৃশংসভাবে খুন করে আতিয়ার রহমানের লোকজন। এঘটনায় উভয় পক্ষের নারীসহ অন্তত ২০জন আহত হয়। নিহত সাহাদুল ও জাহারুলের ফুপাতো ভাই লালটু বাদী হয়ে ৬৬ জনকে আসামী করে গাংনী থানায় হত্যা মামলা দায়ের করেন। ওই দিন গাংনী থানা পুলিশ এজাহারভুক্ত ৭জন আসামীকে গ্রেপ্তার করে। বাকী আসামিরা পলাতক ছিলেন।

৫০ দিন পর মেহেরপুরে করোনায় একজনের মৃত্যু

৫০ দিন পর মেহেরপুরে করোনা আক্রান্ত হয়ে মহাসিন আলী (৬৫) একজনের মৃত্যু হয়েছে। তিনি মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের বাসিন্দা। দীর্ঘ ১৫দিন ধরে তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। আজ শনিবার ভোরে তিনি চিকিৎসাধীন অবস্থায় মারা যান। এর আগে মেহেরপুরে সবশেষ গত ২৮ অক্টোবর করোনায় আক্রান্ত হয়ে মৃতবরণের ঘটনা ঘটেছিলো। এ নিয়ে মেহেরপুর জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলেন ১৮৩ জন।

গাংনীতে অস্ত্র ও মাদকসহ আওয়ামীলীগ নেতা ও তার দুই সহযোগী আটক

মেহেরপুরের গাংনীতে আওয়ামীলীগ নেতা ও স্কুল কমিটির সাবেক সভাপতি সহ তিনজনকে গ্রেফতার করেছে র্যাব।

মঙ্গলবার দিবাগত রাত ৩ টার দিকে পৌর এলাকার বাঁশবাড়িয়া বাজারের লিখন কফি হাউজের সামনে তাদের গ্রেফতার করা হয়। এসময় তাদের কাছ থেকে গাঁজা ও দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন,ধানখোলা ইউপি (খ) অঞ্চল আওয়ামীলীগের অর্থ বিষয়ক সম্পাদক ও গাড়াডোব মাধ্যমিক বিদ্যালয় পরিচালণা পর্ষদের সাবেক সভাপতি গোলাম সারোয়ার টোকন (৪২),গাড়াডোব গ্রামের মৃত গোলাম রসুলের ছেলে শাহীন (২৯) ও ঢাকা জেলার কদমতলী থানার মোহাম্মদ বাগ এলাকার মৃত খোরশেদ আলমের ছেলে মাহবুবুর রহমান(৫০)।

র্যাব ৬ ঝিনাইদহ ক্যাম্পের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে,বাঁশবাড়িয়া বাজার এলাকায় কতিপয় ব্যক্তি মাদক ক্রয়-বিক্রয়ের জন্য অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে র্যাব ৬ গাংনী ক্যাম্পের সদস্যরা অভিযান পরিচালনাকালে তাদের উপস্থিতি টের পেয়ে ঘটনাস্থল থেকে মাদক ক্রয়-বিক্রয়ের সাথে জড়িতরা কৌশলে পালানোর চেষ্টাকালে তাদের গ্রেফতার করা হয়। পরে তাদের কাছ থেকে ৫শ’ গ্রাম গাঁজা, দেশীয় তৈরী একটি রামদা, একটি তরবারি, দুটি মোবাইল এবং চারটি সিমকার্ড উদ্ধার করা হয়। এ ঘটনায় গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন ও অস্ত্র আইনে গাংনী থানায় মামলা দায়ের পূর্বক তাদের থানায় হস্তান্তর করা হয়েছে।

ধানখোলা ইউপি (খ) অঞ্চল আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও নব নির্বাচিত ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক বলেন, গোলাম সারোয়ার টোকন ধানখোলা (খ) অঞ্চল আওয়ামীলীগের অর্থ বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। সে মাদকের সাথে জড়িত থাকলে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে স্মারকপত্র ‘সুবর্ণরেখা’র মোড়ক উন্মোচন

মেহেরপুর সরকারি কলেজের উদ্যোগে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে স্মারকপত্র ‘সুবর্ণরেখা’র মোড়ক উন্মোচন করা হয়।

মঙ্গলবার সকালে মেহেরপুর সরকারি কলেজ মিলনায়তনে মোড়ক উন্মোচনের অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপাধ্যক্ষ অধ্যাপক আবদুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন কলেজের অধ্যক্ষ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য প্রফেসর শফিউল ইসলাম সরদার।

বক্তব্য দেন সুবর্ণরেখা স্মারকপত্রের সম্পাদক সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন, সহযোগী খুরশিদ আলম, খসরু ইসলাম, কাবিল উদ্দিন, ফুয়াদ খান, সহকারি অধ্যাপক মঈনুল ইসলাম, কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ প্রমুখ।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় পাখি ভ্যান চালক নিহত

মেহেরপুর কাথুলী সড়কের পেট্রোল পাম্প সংলগ্ন এলকায় ট্রাকের ধাক্কায় তাহাজ উদ্দীন (৪৫) নামেক এক পাখি ভ্যান চালক নিহত হয়েছেন।

আজ মঙ্গলবার পৌনে ১২ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত তাহাজ উদ্দীনের বাড়ি মেহেরপুর পৌর এলাকার শেখ পাড়ার শুকুর উদ্দীনের

শেখের ছেলে।

স্থানীয়রা জানান, শ্যালো ইঞ্জিন চালিত একটি পাখি ভ্যান নিয়ে গলি সড়ক থেকে মেহেরপুর কাথুলী সড়কে উঠছিল। এসময় কাথুলী দিক থেকে বড়বাজার দিকে অভিমুখে ট্রাক যাচ্ছিল। এসময় ট্রাকের ধাক্কায় পাখি ভ্যান চালক তাহাজ উদ্দীন সড়কে লুটিয়ে পড়ে এবং ঘটনাস্থলেই মারা যায়।খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে। এবং ট্রাকটি জব্দ করে ট্রাকের চালককে আটক করে থানায় নেওয়ার প্র্রক্রিয়া চালাচ্ছে।

মেহেরপুরে ডিজিটাল বাংলাদেশ দিবস পালন

ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ। এই প্রতিপাদ্যে নিয়ে মেহেরপুরে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ পালন করা হয়েছে।

গতকাল রবিবার দুপুর ১২ টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা প্রশাসনের আয়োজনে ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগীতায় আলোচনা সভা ও পুরস্কার বিতরন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এর আগে কার্যালয়ের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয় । র্যালীতে অংশ নেন, অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি মোঃ নাজমুল হুদা, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেকসহ উদ্যোক্তা বৃন্দ।

জেলায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারে দায়িত্ব পালনকারীদের মধ্যে সেবা প্রদানের ভিত্তিতে একজনকে শ্রেষ্ট উদ্যোক্তা নির্বাচন করা হয়।

জেলার ১৮টি ইউনিয়ন ও ৩টি পৌর ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের মধ্যে সেবাপ্রদান ও ডিজিটাল কার্যক্রম পরিচালনায় বিশেষ ভুমিকা রাখায় গাংনীর বামন্দী ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্ত সজিবুল হক লেমন কে জেলার শ্রেষ্ট উদ্যোক্তা হিসেবে পুরস্কার প্রদান করেন জেলা প্রশাসক ড. মুনসুর আলম।